**কবির বিন আনোয়ার,** পিএএ
**সিনিয়র সচিব**
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফোন: +৮৮-০২২২৩৩৫৬৭৭৩
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৪০৪০০
ই-মেইল: secretary@mowr.gov.bd

আধাসরকারি পত্র নং-৪২.০০.০০০০.১১.০৯৯.০৪৮.২১- ৬৯৯

তারিখ: ২৭ ডিসেম্বর ২০২১খ্রি:

প্রিয় মহোদয়,

আমার শুভেচ্ছা নিবেন। আপনি অবগত আছেন যে, সরকারি প্রতিষ্ঠাসমূহের কর্মকান্ডে দক্ষতা ও দায়বদ্ধতা বৃদ্ধির মাধ্যমে কাঙ্ক্ষিত উন্নয়ন অভীষ্টসমূহ অর্জনের লক্ষ্যে ২০১৪-১৫ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রবর্তন করা হয়েছিল। বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই উন্নয়ন রূপকল্প বাস্তবায়নে সরকারি কর্মসম্পাদনে গতিশীলতা বৃদ্ধির কোনো বিকল্প নেই।

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মস্পদান চুক্তির চূড়ান্ত মূল্যায়নে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রথম স্থান অর্জন করেছে। এই অর্জনে আপনাকে এবং আপনার সহকর্মীদের মন্ত্রণালয়ের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এপিএ-তে আপনার সংস্থার অর্জিত নম্বর ৯৪.০২। এই অর্জনের পাশাপাশি ভবিষ্যতে আপনার সংস্থার এপিএ-তে পারফরমেন্সধর্মী কার্যক্রমসমূহ অধিকহারে অন্তর্ভুক্ত করা হলে তা এই চুক্তির মূল উদ্দেশ্যসমূহ অর্জনে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে বলে আমি মনে করি।

এপিএ'র দক্ষ ও কার্যকর বাস্তবায়নে আপনার সংস্থার, জোনাল ও মাঠ পর্যায়ের অফিসসমূহের এই আন্তরিক প্রচেষ্টা ভবিষ্যতেও অব্যাহত থাকবে-এই প্রত্যাশা করছি। এপিএ বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় সবসময় আপনার পাশে থাকবে।

**কবির বিন আনোয়ার,** পিএএ

**জনাব ফজলুর রশিদ**
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা।